

- (গ) ছড়ার মধ্যে শিশুভাবনা কীভাবে মিশে আছে, রবীন্দ্রনাথের 'ছেলেভুলানো ছড়া : ১' প্রবন্ধ অনুসরণে বিষয়টি বুঝিয়ে লেখো।
- (ঘ) 'কিরণমালা' কাহিনীতে অরুণ-বরুণ-কিরণমালার যে পারস্পরিক সম্পর্ক দেখানো হয়েছে তা স্পষ্ট করো।
- (ঙ) 'সাত ভাই চম্পা' কাহিনী অবলম্বনে ছোটরাণীর জীবনবৃত্তান্ত অঙ্কন করো।
- (চ) 'কিরণমালা' কাহিনীটির নামকরণের সার্থকতা বিচার করো।
- (ছ) ভাটিয়ালি গানের বিশেষত্ব তোমার পঠিত 'আমি যে গহীন গাঙের নাইয়া' গানটি অবলম্বনে বুঝিয়ে লেখো।
- (জ) 'খাঁচার ভিতর অচিন পাখী' গানটির মূল বক্তব্য নিজের ভাষায় লেখো।

★ ★ ★

2023

BENGALI

Paper : BEN-HG/RC-2016

(লোকসাহিত্য পাঠ)

(Honours Generic / Regular Course)

Full Marks : 80

Time : 3 hours

The figures in the margin indicate full marks for the questions

- ১। নিম্নলিখিত প্রশ্নগুলির অতি সংক্ষেপে উত্তর দাও : $1 \times 10 = 10$
- (ক) রবীন্দ্রনাথের মতে কোন্ গুণে ছড়া আজ রচিত হলেও পুরোনো ও সহস্র বৎসর পূর্বে রচিত হলেও নতুন?
- (খ) 'খোকা যাবে মাছ ধরতে ক্ষীরনদীর কূলে' ছড়ায় খোকায় ছিপ কে নিয়ে গিয়েছিল?
- (গ) মেয়েকে শ্বশুরবাড়ি পাঠানো নিয়ে রবীন্দ্রনাথের 'ছেলেভুলানো ছড়া : ১' থেকে একটি ছড়ার প্রথম পংক্তি উল্লেখ করো।
- (ঘ) 'সাত ভাই চম্পা' কাহিনীতে রাজার কতজন রাণী ছিলেন?
- (ঙ) 'কিরণমালা' কাহিনীতে তিন বোনের বড় বোনের কার সঙ্গে বিয়ে হয়েছিল?

- (চ) 'কিরণমালা' কাহিনিতে ছোটরাণী ক'টি সন্তানের জন্ম দিয়েছিলেন?
- (ছ) "অরুণ, বরুণ, কিরণমালা তিন ভাই-বোন দেখে,— কি!—এক যে মানুষ," 'কিরণমালা' কাহিনিতে এই মানুষটি কে?
- (জ) 'আমি যে গহীন গাঙের নাইয়া' ভাটিয়ালি গানটিতে কবি কার জন্যে দূর দেশে পাড়ি দিচ্ছেন?
- (ঝ) 'খাঁচার ভিতর অচিন পানী' বাউল গানটিতে খাঁচার মধ্যে ক'টি কুঠুরি রয়েছে বলে কবি উল্লেখ করেছেন?
- (ঞ) "চরণ ছেড়ে দেবো না, না না না..."—'হৃদ মাঝারে' গানটিতে এই উক্তি কে করেছেন, তাঁর নাম লেখো।

২। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষেপে উত্তর দাও : ২×৫=১০

- (ক) রবীন্দ্রনাথের মতে অধিকাংশ সাহিত্যই কীসের সমালোচনা?
- (খ) "তবে সেই ফুল আন পূজা করিব।" 'সাত ভাই চম্পা' কাহিনির এই উদ্ধৃতাংশের বক্তা কে? তিনি 'সেই ফুল' বলতে কোন্ ফুলকে বোঝাতে চেয়েছেন?
- (গ) "রাজা মৃগয়া করিতে যাইবেন, রাজ্যে হুলস্থূল পড়িল।" কীভাবে রাজ্যে হুলস্থূল পড়েছিল, লেখো।
- (ঘ) কবি সোনার গৌরকে কোন্ দুটি জায়গায় রাখার সংকল্প করেছিলেন?
- (ঙ) 'আমি যে গহীন গাঙের নাইয়া' ভাটিয়ালি গানটিতে নদীর জলের যে অতি সংক্ষিপ্ত বর্ণনা আছে তা লেখো।

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো চারটি) : ৫×৪=২০

- (ক) "সুতীক্ষ্ণবুদ্ধি পণ্ডিতেরও সাধ্য নাই স্বপ্নাবস্থায় স্বপ্নকে অবিশ্বাস করেন।" 'ছেলেভুলানো ছড়া : ১' থেকে উদ্ধৃত এই উক্তিটির ব্যাখ্যা করো।
- (খ) 'ছেলেভুলানো ছড়া : ১' প্রবন্ধের অন্তর্ভুক্ত 'আজ দুর্গার অধিবাস, কাল দুর্গার বিয়ে' ছড়ায় বর্ণিত দুর্গার স্বশুরবাড়ি যাত্রাকালের করুণ দৃশ্যের বর্ণনা দাও।
- (গ) 'সাত ভাই চম্পা' কাহিনিতে ছোটরাণী ফুল তুলতে গেলে ফুলদের কী প্রতিক্রিয়া হয়েছিল, লেখো।
- (ঘ) 'কিরণমালা' কাহিনিতে বর্ণিত অরুণ-বরুণ-কিরণমালার তৈরি অট্টালিকার বর্ণনা দাও।
- (ঙ) "ওরে ছেড়ে দিলে সোনার গৌর আর পাবো না ক্ষ্যাপা ছেড়ে দিলে সোনার গৌর আর পাবো না না না, আর পাবো না।" উদ্ধৃতাংশের অন্তর্নিহিত তাৎপর্য ব্যাখ্যা করো।
- (চ) 'মনমাঝি তোর বৈঠা নে রে' লোকগানটির মূল বক্তব্য নিজের ভাষায় লেখো।

৪। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো চারটি) : ১০×৪=৪০

- (ক) "ওপারে জন্তি গাছটি, জন্তি বড়ো ফলে।" রবীন্দ্রনাথের 'ছেলেভুলানো ছড়া : ১' প্রবন্ধে উল্লিখিত এই ছড়াটির বিষয়বস্তু লেখো।
- (খ) "বালকেরা ছবিও অতিশয় সহজে স্বল্পায়োজনে দেখিতে পায়।" রবীন্দ্রনাথ তাঁর 'ছেলেভুলানো ছড়া : ১' প্রবন্ধে এই মন্তব্যটির সপক্ষে যে যুক্তি প্রদর্শন করেছেন তা যথাযথভাবে লেখো।